



ডেঙ্গুতে প্রাণ গেল দুই জনের নতুন করে হাসপাতালে ১৯৪



সংগৃহীত ছবি

দেশে ডেঙ্গু পরিস্থিতি আবারও উদ্বেগজনক হয়ে উঠেছে। গত এক দিনে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুই জনের মৃত্যু হয়েছে এবং নতুন করে ১৯৪ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছরে ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা চার শতাধিক ছাড়িয়েছে।

স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুমের নিয়মিত ডেঙ্গু সংক্রান্ত প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত সারা দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগীরা ভর্তি হন।

এই সময়ে সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা মহানগরের বিভিন্ন হাসপাতালে—৫০ জন। ঢাকা বিভাগের সিটি করপোরেশনের বাইরের এলাকা থেকে ভর্তি হয়েছেন ২৬ জন। এছাড়া চট্টগ্রাম বিভাগে ৪৫ জন, বরিশাল বিভাগে ৩২ জন, খুলনা বিভাগে ২৩ জন, রাজশাহী বিভাগে ১২ জন, ময়মনসিংহ বিভাগে ৫ জন এবং রংপুর বিভাগে ১ জন ডেঙ্গু আক্রান্ত রোগী হাসপাতালে চিকিৎসা নিয়েছেন।

প্রতিবেদনে আরও জানানো হয়, ডেঙ্গুতে মারা যাওয়া দুই জনই ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার বাসিন্দা। এ নিয়ে চলতি বছরে দেশে ডেঙ্গুতে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৪১২ জনে। একই সঙ্গে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে হয়েছে ১ লাখ ১ হাজার ৭৯১ জন।